বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/৩৬ তারিখ: ০৬ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ / ২১ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: ডিএসই ও ডিবিএ এর প্রতিনিধিদের সাথে নবনিযুক্ত বিএসইসি চেয়ারম্যানের সভা।**





গত ২০ আগস্ট ২০২৪ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নবনিযুক্ত চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সাথে কমিশন ভবনে ঢাকা স্টক এক্সচেঞ্জ(ডিএসই) এবং ডিএসই ব্রোকার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ডিবিএ) এর পৃথক দুটি সভা অনুষ্ঠিত হয়। সভা দুটিতে বিএসইসি কমিশনার জনাব মুঃ মোহসীন চৌধুরী ও বিএসইসি কমিশনার ড. এটিএম তারিকুজ্জামান, সিপিএ উপস্থিত ছিলেন।

ঢাকা স্টক এক্সচেঞ্জ(ডিএসই) এর সাথে অনুষ্ঠিত সভায় ডিএসই এর ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব সাত্তিক আহমেদ শাহ এর নেতৃত্বে এর শীর্ষ কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। ডিএসই ব্রোকার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ডিবিএ) এর সাথে অনুষ্ঠিত সভায় ডিবিএ প্রেসিডেন্ট জনাব সাইফুল ইসলাম এর নেতৃত্বে ডিবিএ এর শীর্ষ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

সভা দুটিতে পুঁজিবাজারের সার্বিক বিষয় নিয়ে আলোচনা হয়। সভায় অন্যান্যের মধ্যে প্রাতিষ্ঠানিক সুশাসন নিশ্চিতের লক্ষ্যে পুঁজিবাজারে যেসব বিষয়ে সংস্কার প্রয়োজন সে বিষয়গুলো নিয়েও আলোচনা হয়। সভায় বিএসইসি এর চেয়ারম্যান মহোদয় সকলের বক্তব্য মনোযোগ সহকারে শোনেন এবং তিনি পুঁজিবাজারের রেগুলেটরি কমপ্লায়েন্স এর উপর জোর দেন। এছাড়াও তিনি সংশ্লিষ্ট সিকিউরিটিজ আইন ও বিধি বিধান পরিপালন নিশ্চিত করে পুঁজিবাজারে প্রাতিষ্ঠানিক সুশাসনসহ স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের জন্য বাজার সংশ্লিষ্টদের একসাথে কাজ করার বিষয়ে গুরুত্বারোপ করেন। পুঁজিবাজারের উন্নয়ন, অগ্রগতি ও সংস্কারের ক্ষেত্রে নিয়ন্ত্রক সংস্থা বিএসইসি সব ধরণের প্রচেষ্টা ও উদ্যোগ নিবে বলে বাজারসংশ্লিষ্টদের আশ্বস্ত করেন তিনি। এক্ষেত্রে তিনি ডিএসই এবং ডিবিএসহ পুঁজিবাজারের গুরুত্বপূর্ণ অংশীজনদের সার্বিক সহযোগিতা কামনা করেন।

21-08-2024

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র